সংবাদ

তারিখ ... ... ৭।।।৮৫ ... ...
পৃষ্ঠা ... ... ৮ কলাম ৭ ... ...

016

# লাইব্রেরীর বই

কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরীর বইয়ের অবস্থা সম্পর্কে দুঃখ করে লেখা একজন পাঠকের একটি চিঠি বেরিয়েছে সেদিন 'সংবাদ'-এ। দুষ্প্রাপ্য কোন বই পড়তে গিয়ে পাঠক হয়ত দেখতে পেলো ভেতরের বহু প্রয়োজনীয় পাতাই নেই। কেউ ছিঁড়ে নিয়ে গেছে। পাঠকের অসহায়ত্ব এক্ষেত্রে বোঝানো কঠিন বটে। বইটি হাতে পেয়েও তার সুবিধা থেকে তাকে হতে হলো বঞ্চিত। এক শ্রেণীর পাঠকেরই যে কাজ এগুলো তা বলার অপেক্ষা রাখে না। একটি লোকের অপ-মানসিকতায় হাজার হাজার লোককে ভবিষ্যতের সুযোগ হারাতে হলো। বিষয়টিকে হাল্কাভাবে দেখার কারণ নেই।

লাইব্রেরীর বইয়ের ব্যাপারে এটা সমস্যার একটি দিক মাত্র। গোটা বই উধাও হয়ে যাওয়ার ঘটনাই কি কম রয়েছে? ক্যাটালগে উল্লেখ রয়েছে, অথচ খুঁজে সে বইয়ের হদিস মেলে না, এমনটি অভিযোগ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী সম্পর্কে নতুন নয়। লাইব্রেরীর উদ্দেশ্য এরফলে দারুণভাবে হচ্ছে ব্যাহত। আমাদের মত শিক্ষায় অনগ্রসর ও দরিদ্র দেশে লাইব্রেরী, বিশেষ করে সাধারণ পাঠাগারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে বোঝাতে হয় না। কিনে কতটা বই পড়ার সঙ্গতি এদেশে ক'জনেরই রয়েছে? পাবলিক লাইব্রেরীই উৎসাহী পাঠকদের জন্যে ব্যাপক সুযোগ এনে দিতে পারে। বেশী করে সাধারণ পাঠাগার গড়ে তোলার তাগিদ এ দেশে তাই এত বেশী। কিন্তু লাইব্রেরীর জন্যে একটি ভবন, আর পয়সা খরচ করে কিছু বই সংগ্রহই তো এ জন্যে যথেষ্ট হতে পারে না। পাঠকদের জন্যে সে বই পড়ার সুযোগ নিশ্চিত করতে হবে। পাঠাগার পরিচালনার ক্ষেত্রে সুষ্ঠু ব্যবস্থা বিশেষ করে থাকা চাই। বই চুরি, তার পাতা ছিঁড়ে নেয়া ইত্যাদি সমস্যা সাধারণভাবেই রয়েছে। কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরীর বেলায় সে অভিযোগ বরং বেশীই দেখা যাবে। ব্যবস্থাপনা উন্নত হলে এর কারণ থাকতে পারে না।

এক্ষেত্রে পাঠকেরও দায়িত্ব অবশ্য রয়েছে। তবে শুধু তার সদিচ্ছার ওপর নির্ভর করলে তো আর চলবে না। বইয়ের পাতা ছিঁড়ে নিয়ে যাওয়ার মানসিকতা যে পাঠকের রয়েছে তাকে কেবল ধিক্কার দিয়ে; তার শুভ বুদ্ধি উদ্রেক কামনা করে পরিস্থিতির খুব একটা উন্নতি আশা করা যাবে না। এমন 'শিক্ষানুরাগী' চোরের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা দরকার। প্রয়োজন রয়েছে পাঠকদের ওপর কড়া নজর রাখার। সেক্ষেত্রে শৈথিল্য এ অপমানসিকতাকে যে বাড়িয়ে তুলছে তা বলাই বাহুল্য। আর বই চুরির ব্যাপারে নজরটা সামগ্রিকভাবেই রাখতে বলি। মূল্যবান, দুষ্প্রাপ্য বই কতটা যত্ন নিয়ে সংরক্ষণ করা হচ্ছে সে খোঁজ যেমন রাখা দরকার, তেমনি সাধারণভাবে বই বিন্যাসের দিকে হুঁশ থাকা চাই। প্রতি বছর সাধারণ পাঠাগারগুলোর জন্যে বহু টাকা খরচ করে মূল্যবান বই সংগৃহীত হচ্ছে। কিন্তু কিছুকাল পরে সেগুলো কেনই যে নেই হয়ে যাচ্ছে সেটা বুঝতে নজর কি শুধু একটি দিকে রাখলেই চলবে?